

তারিখ: ২৪/০৭/২০২৫ খ্রি.

**২০২৪-২৫ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক (সম্মান) ভর্তি কার্যক্রমে ১ম মেধা তালিকায় ভর্তিকৃতদের বিষয় পরিবর্তন
ও ২য় মেধা তালিকায় স্থানপ্রাপ্তদের ভর্তি সংক্রান্ত বিজ্ঞপ্তি**


রাঙ্গামাটি সরকারি কলেজে ২০২৪-২০২৫ শিক্ষাবর্ষের ১ম বর্ষ স্নাতক (সম্মান) ভর্তি কার্যক্রমে ১ম মেধা তালিকায় ভর্তিকৃতদের বিষয় পরিবর্তন ও ২য় মেধা তালিকায় স্থানপ্রাপ্ত শিক্ষার্থীদের নিম্নোক্ত শর্তাবলী অনুযায়ী ভর্তি প্রক্রিয়া সম্পাদনের জন্য নির্দেশ দেওয়া গেল। উল্লেখ্য যে, ২য় মেধা তালিকায় স্থানপ্রাপ্তরা কোন শিক্ষাকার্যক্রমে অধ্যয়নরত থাকলে অবশ্যই ৩১/০৭/২০২৫ খ্রি. তারিখের মধ্যে পূর্ববর্তী শিক্ষাবর্ষের ভর্তি বাতিল করে চূড়ান্ত ভর্তি ফরম পূরণ করতে হবে অন্যথায় দ্বৈত ভর্তির কারণে উভয় ভর্তি ও রেজিস্ট্রেশন বাতিল বলে গণ্য হবে।

এছাড়া ১ম মেধা তালিকায় ভর্তিকৃতদের মধ্যে যাদের বিষয় পরিবর্তন হয়েছে, তাদেরকে পরিবর্তিত বিষয়ের ভর্তি ফরম প্রিন্ট করে সংশ্লিষ্ট বিভাগে জমা দিয়ে নতুন ক্লাস রোল নম্বর সংগ্রহ করতে হবে। এক্ষেত্রে পূর্বের কোর্স স্বয়ংক্রিয়ভাবে বাতিল হবে এবং পরিবর্তিত বিষয়ে ভর্তি নিশ্চিত হয়ে যাবে।

শর্তাবলী:


- ১। আবেদন ফরম সংগ্রহ: আগামী ২৬/০৭/২০২৫ থেকে ০৩/০৮/২০২৫ খ্রি. তারিখের মধ্যে ওয়েবসাইট: www.nu.ac.bd.admissions থেকে Online Admission System এর Applicant Login অপশনে গিয়ে Honours Login ক্লিক করে চাহিত তথ্য এন্ট্রি দিয়ে আবেদন ফরমের প্রিন্টকপি সংগ্রহ করতে হবে।
- ২। প্রয়োজনীয় কাগজপত্র: নিম্নোক্ত কাগজপত্রাদি আগামী ২৮/০৭/২০২৫ থেকে ০৩/০৮/২০২৫ খ্রি. তারিখের মধ্যে স্ব-স্ব বিভাগে জমা দিতে হবে-
 - (ক) অনলাইনে পূরণকৃত চূড়ান্ত আবেদন ফরম এর মূলকপি;
 - (খ) নির্ধারিত ফি পরিশোধের Payslip;
 - (গ) এসএসসি ও এইচএসসি পরীক্ষা পাশের মূল একাডেমিক ট্রান্সক্রিপ্ট ও মূল প্রশংসাপত্র;
 - (ঘ) এসএসসি ও এইচএসসি পরীক্ষা পাশের একাডেমিক ট্রান্সক্রিপ্ট, প্রশংসাপত্র ও রেজিস্ট্রেশন কার্ডের ফটোকপি- ১ কপি করে;
 - (ঙ) পাসপোর্ট সাইজের রঙিন ছবি- ২ কপি ও স্ট্যাম্প সাইজের ছবি- ২ কপি।
- ৩। ফি পরিশোধের পদ্ধতি:
 - (ক) নিম্নোক্ত User Name ও Password দিয়ে সফটওয়্যার (<https://rangamaticollege.eshiksaems.com>) -এ Login করতে হবে।
User Name: rangamatistudent এবং Password: rangamatistudent
 - (খ) Education Management System এর Admission এ গিয়ে Click for New Admission ক্লিক করার পর Select Group অপশন থেকে Hons সিলেক্ট করতে হবে, Select Department অপশন থেকে ভর্তিচু বিভাগ সিলেক্ট করতে হবে এবং Admission Roll এন্ট্রি দিয়ে Check for Admission ক্লিক করতে হবে।
 - (গ) চাহিত তথ্যাদি পর্যায়ক্রমে সঠিকভাবে পূরণ করার পর Save বাটনে ক্লিক করলে ভর্তি ফিসহ পূরণকৃত আবেদন ফরম আসবে।
 - (ঘ) শিক্ষার্থীর ভর্তির Session, Admission Roll এন্ট্রি দিয়ে Pay through Sonali Pay মাধ্যমে নির্ধারিত ফি পরিশোধ করলে স্বয়ংক্রিয়ভাবে শ্রেণির রোল নম্বর আসবে এবং শিক্ষার্থী/অভিভাবক এর মোবাইল নম্বরে ভর্তি প্রক্রিয়া সম্পন্ন হওয়ার জন্য SMS যাবে।
 - (ঙ) তারপর Application Form Reprint এবং Print Receipts ক্লিক করলে Admission Roll এন্ট্রি দিয়ে পূরণকৃত ভর্তি ফরম এবং Payslip ডাউনলোড করে প্রিন্টকপি নিতে হবে।
- ৪। ফির পরিমাণ নিম্নরূপ:

বিভাগ	ভর্তি ও অন্যান্য ফি এর পরিমাণ
বিএ/বিএসএস/বিবিএ অনার্স ১স বর্ষ (৬ পত্র বিশিষ্ট)	৫,৪৪৬/-
বিএসসি অনার্স ১স বর্ষ- প্রাণিবিদ্যা (৫ পত্র বিশিষ্ট)	৬,০৫১/-
বিএসসি অনার্স ১স বর্ষ- উদ্ভিদবিজ্ঞান (৬ পত্র বিশিষ্ট)	৬,১৭১/-
বিএসসি অনার্স ১স বর্ষ- পদার্থবিজ্ঞান (৬½ পত্র বিশিষ্ট)	৬,২৩১/-
বিএসসি অনার্স ১স বর্ষ- গণিত (৭½ পত্র বিশিষ্ট)	৬,৩৫১/-


(প্রফেসর মো. আবু হুসেইন চৌধুরী)
অধ্যক্ষ

রাঙ্গামাটি সরকারি কলেজ
রাঙ্গামাটি পার্বত্য জেলা

২৪/০৭/২৫


(প্রফেসর মোঃ নজরুল ইসলাম মজুমদার)
আস্থায়ক
অনার্স ১ম বর্ষ ভর্তি কমিটি/২০২৪-২০২৫
রাঙ্গামাটি সরকারি কলেজ

বিতরণ:

- ১। সম্পাদক, শিক্ষক পরিষদ, রাঙ্গামাটি সরকারি কলেজ, রাঙ্গামাটি;
- ২। বিভাগীয় প্রধান, ----- বিভাগ, রাঙ্গামাটি সরকারি কলেজ, রাঙ্গামাটি;
- ৩। ক্যাশিয়ার/হিসাব সহকারী, রাঙ্গামাটি সরকারি কলেজ, রাঙ্গামাটি;
- ৪। ডাটা এন্ট্রি অপারেটর, রাঙ্গামাটি সরকারি কলেজ, রাঙ্গামাটি। তাঁকে কলেজের ওয়েবসাইটে প্রকাশের জন্য নির্দেশ দেওয়া গেল।
- ৫। সংরক্ষণ নথি।